



## **NY State of Health-এব SMS/MMS টেক্সট বার্তা সংক্রান্ত গোপনীয়তা নীতি**

*কার্যকর হওয়ার তারিখ: ৪ এপ্রিল, ২০২২*

NY State of Health-কে সম্মতি দিয়ে ("Opting in") পাঠাতে সংক্ষিপ্ত বার্তা পরিষেবা (Short Message Service, "SMS" বা টেক্সট) বা মাল্টিমিডিয়া মেসেজিং পরিষেবা (Multimedia Messaging Service, "MMS") বিজ্ঞপ্তিগুলি সরাসরি আপনার মোবাইল ফোনে ("পরিষেবা") পাঠানো হয়, আমাদের ওয়েবসাইটের মাধ্যমে বা পাঠ্য বার্তার মাধ্যমে নথিভুক্ত করা হোক না কেন, আপনি আমাদের তথ্য প্রদান করেন, যা আমরা গ্রহণ করি এবং নীচে বর্ণিত হিসাবে সংরক্ষণ করি।

### **আমরা যে তথ্য সংগ্রহ করি**

পরিষেবার সাথে সম্পর্কিত যে তথ্য আমরা আপনার কাছ থেকে সংগ্রহ করি তাতে আপনার সেল ফোন নম্বর, আপনার ফোন ক্যারিয়ারের নাম এবং আপনার টেক্সট বার্তাগুলির তারিখ, সময় এবং বিষয়বস্তু অন্তর্ভুক্ত থাকতে পারে, যার মধ্যে আপনি টেক্সট বার্তার মাধ্যমে আপনি প্রদান করতে চান এমন তথ্য থাকে। আপনার সাথে যোগাযোগ করতে এবং আপনি আমাদের কাছ থেকে যে পরিষেবাগুলির পাওয়ার জন্য অনুরোধ করেন তা প্রদান করতে আমরা আমাদের গোপনীয়তা নীতি অনুসারে এই তথ্যটি ব্যবহার করতে পারি। টেক্সট বার্তার মাধ্যমে আপনার কোনো ব্যক্তিগত তথ্য জমা দেওয়া উচিত নয়।

### **আমরা যে তথ্য সংগ্রহ করি তা কিভাবে ব্যবহার করি**

পরিষেবার মাধ্যমে সংগৃহীত তথ্য টেক্সটিং পরিষেবা পরিচালনা করতে ব্যবহার করা হয়, যেমন আপনার অস্ট-ইন বা অস্ট-আউট নির্বাচন ট্র্যাক করা, অথবা ভবিষ্যতে বার্তা পাঠানোর জন্য, এই গোপনীয়তা নীতি এবং প্রযোজ্য আইনের শর্তাধীন।

### **আমরা যে তথ্য ভাগ করি**

এই গোপনীয়তা নীতিতে যেমন প্রকাশ করা হয়েছে, সেগুলি ব্যতিরেকে, আমরা আপনার সম্মতি ছাড়া তৃতীয় পক্ষদের আপনার ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্য প্রদান করি না।

আমরা ব্যক্তিগতভাবে শনাক্তকরণযোগ্য তথ্য সহ যে কোন তথ্য প্রকাশ করতে পারি, যা আমরা আমাদের নিজস্ব বিবেচনার ভিত্তিতে কোন প্রযোজ্য আইন, বিধান, বা আইনি প্রক্রিয়া বা সরকারী অনুরোধের অনুবর্তী হওয়ার জন্য প্রয়োজনীয় বলে মনে করি, যার মধ্যে আছে আমাদের উপর জারি করা সাপিনা বা প্রতারণার সাথে সম্পর্কিত সনাক্তকরণ, প্রতিরোধ বা তদন্তের ওয়ারেন্টের প্রতি প্রতিক্রিয়া ব্যক্ত করা।

আমরা আপনার ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য কিছু তথ্য আমাদের ঠিকাদারদের সাথে শেয়ার করতে পারি যারা আমাদের নির্দেশ অনুযায়ী আমাদের হয়ে পরিষেবা সম্পাদন করে, যেমন আমাদের কল সেন্টার পরিচালনাকারী ঠিকাদার। আমরা এই গোপনীয়তা নীতিতে যেমন উল্লেখ করা হয়েছে তা বাদে তথ্য ব্যবহার বা প্রকাশ করার জন্য এই ঠিকাদারদের অনুমোদন করি না।

### **এই গোপনীয়তা নীতির পরিবর্তন**

আমরা এই গোপনীয়তা নীতিটি পর্যায়ক্রমে এবং আপনাকে পূর্বে বিজ্ঞপ্তি প্রদান না করেই সংশোধন করতে পারি। বর্তমান গোপনীয়তা নীতির কার্যকর তারিখটি নীতির শীর্ষে পোস্ট করা হবে। যেহেতু আমরা যে কোনো সময় পরিবর্তন করতে পারি, আমরা আপনাকে মাঝে মাঝে এই গোপনীয়তা নীতিটি দেখার পরামর্শ দিই। অনুগ্রহ করে লক্ষ্য করুন যে আপনার ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্য ব্যবহার করার জন্য আমাদের অধিকার সেই তথ্য ব্যবহার করার সময় কার্যকর গোপনীয়তা নীতির উপর ভিত্তি করে হবে। আপনি যদি এই নীতির আপডেট করা শর্তাবলীর কোনোটির প্রতি আপনার আপত্তি থাকে, তাহলে আপনাকে অবশ্যই পরিষেবার শর্তাবলীতে বর্ণিত প্রক্রিয়ার মাধ্যমে আপনার পরিষেবার ব্যবহার বন্ধ করতে হবে। এই গোপনীয়তা নীতির পরিবর্তন সম্পর্কে আপনাকে অবগত করার পরে পরিষেবাটি ব্যবহার চালিয়ে যাওয়ার মাধ্যমে, আপনি সংশোধিত গোপনীয়তা নীতি দ্বারা আবদ্ধ হতে সম্মত হন।